

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে কুমিল্লা জেলার বরুড়া উপজেলার ০২টি ইউনিয়ন (ভাউকসার, শাকপুর), লাকসাম উপজেলার ০৩টি ইউনিয়ন (বাকই দক্ষিণ, মুদাফরগঞ্জ (উত্তর), মুদাফরগঞ্জ (দক্ষিণ), লালমাই উপজেলার ০২টি ইউনিয়ন (বাকই উত্তর, পেরুল উত্তর), নাঙ্গলকোট উপজেলার ০৮টি ইউনিয়ন (রায়কোট (উত্তর), রায়কোট (দক্ষিণ), আদ্রা (উত্তর), আদ্রা (দক্ষিণ), জোড্ডা (পশ্চিম), জোড্ডা (পূর্ব), বটতলী, দৌলখাঁড়), দাউদকান্দি উপজেলা ০২টি ইউনিয়ন (ইলিয়টগঞ্জ (দঃ), দৌলতপুর) ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচনী এলাকাসমূহে ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ হতে ০১ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত The Arms Act, 1878 (Act XI of 1878) - এর ধারা ১৭ (ক)(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও আগ্নেয়াস্ত্রসহ চলাচল নিষিদ্ধ করা হলো। যারা এ আদেশ লংঘন করবে তাদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যগণের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

স্বাঃ-

মোহাম্মদ শামীম আলম
জেলা ম্যাজিস্ট্রেট
কুমিল্লা

ফোন-০২৩৪৪৪০০৩০১, ফ্যাক্স-০৮১-৬০৩০০১

dccomilla@mopa.gov.bd

তারিখ : ০৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

নম্বর-০৫.২০.১৯০০.০১৫.১৮.০০৮.২২- ২৬৮২ (৩০)

অনুলিপি-সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। কর্নেল জিএস, ডিজিএফআই, কুমিল্লা।

অনুলিপি-অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পুলিশ সুপার, কুমিল্লা। এ নিষেধাজ্ঞা নির্বাচনী এলাকায় বলবৎ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ২। অধিনায়ক, ১০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, কুমিল্লা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।
- ৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
- ৫। যুগ্ম পরিচালক, এনএসআই, কুমিল্লা।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(রাজস্ব), কুমিল্লা।
- ৭। কোম্পানী কমান্ডার, র‍্যাং-১১ সিপিএস-২, কুমিল্লা। এ নিষেধাজ্ঞা নির্বাচনী এলাকায় বলবৎ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া/লাকসাম/লালমাই/নাঙ্গলকোট/দাউদকান্দি, কুমিল্লা। বিজ্ঞপ্তি নির্বাচনী এলাকায় ব্যাপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা।
- ১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা। বিজ্ঞপ্তি জেলা প্রশাসন কুমিল্লা এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ১১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা।
- ১২। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, কুমিল্লা। বিজ্ঞপ্তি নির্বাচনী এলাকায় ব্যাপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১৩। অফিসার ইনচার্জ (সকল), কুমিল্লা। বিজ্ঞপ্তি নির্বাচনী এলাকায় ব্যাপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। প্রকাশক/সম্পাদক, । গণবিজ্ঞপ্তি তাঁর পত্রিকার পরপর ০৩টি সংখ্যার প্রথম পৃষ্ঠার জনস্বার্থে বিনামূল্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২২/১২/২০২২
জেলা ম্যাজিস্ট্রেট

কুমিল্লা